

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম  
চিড়িয়াখানা রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬।  
[www.bnh.gov.bd](http://www.bnh.gov.bd)

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের ১ম ত্রৈমাসিক জুলাই-সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত 'ই-গভন্যাস ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	: ড. সরদার নাসির উদ্দিন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।
সভার তারিখ	: ২৬ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ রোজ মঙ্গলবার।
সময়	: সকাল ০৯:৩০ ঘটিকা।
সভার স্থান	: হারবেরিয়াম অডিটোরিয়াম, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।
সভায় উপস্থিতি	: পরিশিষ্ট-“ক”

উপস্থাপনাঃ

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ পর্যায়ে তিনি বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের 'ই-গভন্যাস ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করান জন্য ইনোভেশন কমিটির ফোকাল পয়েন্ট প্রোগ্রামার জনাব মোহাম্মদ রাশেদুল হাকিমকে অনুরোধ জানান। প্রোগ্রামার জনাব মোহাম্মদ রাশেদুল হাকিম পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে ১ম ত্রৈমাসিক জুলাই-সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত 'ই-গভন্যাস ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন' নিম্নোক্ত ছকাকারে উপস্থাপন করেন।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	সূচকের মান	লক্ষ্যমাত্রা	অর্জন (জুলাই-সেপ্টেম্বর ২০২১)
১	২	৩	৪	৫	৬
[১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	[১.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত	তারিখ	৫	১৬/০৩/২০২২	-
[১.২] সেবা সহজীকরণ	[১.২.১] একটি সেবা সহজীকৃত	তারিখ	৫	২৫/০২/২০২২	-
[১.৩] সেবা ডিজিটাইজেশন	[১.৩.১] ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত	তারিখ	৫	৩০/১২/২০২২	-
[১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা	[১.৪.১] সভা আয়োজিত	তারিখ	৪	৩০/০৮/২০২১	২৯/০৮/২০২১
[১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি	[১.৫.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত	%	৬	৮০%	৮০%
[১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন	[১.৬.১] সভা/কর্মশালা আয়োজিত	সংখ্যা	৪	৪	-

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	সূচকের মান	লক্ষ্যমাত্রা	অর্জন (জুলাই-সেপ্টেম্বর ২০২১)
১	২	৩	৪	৫	৬
[২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ	[২.১.১] তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকৃত	সংখ্যা	৪	৪	১টি
	[২.১.২] বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত	সংখ্যা	২	৪	১টি
[২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত	সংখ্যা	৩	৪	-
	[২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত	%	৩	৮০%	-
	[২.২.৩] কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত	সংখ্যা	৩	৪	১টি
	[২.২.৪] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রীপরিষদ বিভাগে/উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত	তারিখ	৩	১৩/০১/২০২২	-
	[২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত	সংখ্যা	৩	৩০/৫/২০২২	-


হারবেরিয়ামের 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সেপ্টেম্বর ২০২১ নাগাদ কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী সন্তোষজনক বলে প্রোগ্রামার সভাকে জানান এবং পরবর্তী সময়কালে অসম্পূর্ণ কার্যক্রম বাস্তবায়ন করা হবে বলে সভাকে অবহিত করেন। এ পর্যায়ে সভাপতি মহোদয় হারবেরিয়ামের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে সম্ভাব্য করণীয় সম্পর্কে উপস্থিত সকলের মতামত আহ্বান করেন। উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করেন। সভাপতি মহোদয় 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত বিভিন্ন কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা পূরণে যথাযথ পদক্ষেপ নেওয়ার ব্যাপারে সতর্ক মতামত প্রকাশ করেন এবং সেসব ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে যথাযথ ব্যবস্থা নেওয়ার পরামর্শ প্রদান করেন।

২.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তগুলো গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
২.১	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা	প্রোগ্রামার
২.২	[১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, [১.২] সেবা সহজীকরণ ও [১.৩] সেবা ডিজিটাইজেশন যথাসময়ে সম্পন্ন করা	সফটওয়্যার প্রতিষ্ঠান ও প্রোগ্রামার

সিদ্ধান্ত নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
২.৩	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন করা	প্রোগ্রামার

৩.০ পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



২৫.১০.২০২১

ড. সরদার নাসির উদ্দিন  
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা  
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম